sanitation

# সাধারণ বিক্রেতা লাইসেন্সিং আইন:

## বিধিনিয়মগুলি বুঝতে সাহায্য করার জন্য শিক্ষামূলক হাইলাইট ও পরামর্শ

*আপনি কি রাস্তা বা ফুটপাতের মতো সর্বজনীন স্থানে খাবার ব্যতীত অন্য পণ্য বা পরিষেবা বিক্রি করেন, লীজ নেন অথবা বিক্রি করার/লীজ নেওয়ার প্রস্তাব দেন?*

**সাধারণ বিক্রেতা লাইসেন্স আইন সম্পর্কে:**

- ভেটেরান বা তাদের জীবিত স্ত্রী/স্বামীর বা সংসারিক সঙ্গীদের ক্ষেত্রে জারি করা লাইসেন্সের সংখ্যার কোনও সীমা নেই। ভেটেরান নন এমন মানুষদের জারি করা লাইসেন্সের সংখ্যা 853 এর মধ্যে সীমাবদ্ধ।
- যেসব সাধারণ বিক্রেতার সিটিওয়াইড স্পেশালাইজড ভেন্ডিং লাইসেন্স (হলুদ) বা মিডটাউন কোর জোন ভেন্ডিং লাইসেন্স (নীল) রয়েছে তারা নির্দিষ্ট কিছু সীমাবদ্ধ এলাকায় বিক্রি করতে পারেন এবং স্থানগুলিতে অন্যান্য বিক্রেতাদের তুলনায় অগ্রাধিকার পান। এই লাইসেন্সগুলি চাকরির সাথে সম্পর্কিত কোনো অক্ষমতা থাকা ভেটেরানদের জন্য। নীল লাইসেন্সের সংখ্যা 105 এর মধ্যে সীমাবদ্ধ। জারি করা যেতে পারে এমন হলুদ লাইসেন্সের সংখ্যার কোনও সীমা নেই।
- লিখিত সামগ্রী (সংবাদপত্র, সাময়িকী, বই, পুস্তিকা) এবং শিল্পকর্ম (আঁকা ছবি, ফটোগ্রাফ, প্রিন্ট, ভাস্কর্য, ফেস পেইন্টিং, প্রাণীর আকৃতির বেলুন) সহ প্রথম সংশোধনীর আওতাভুক্ত জিনিসগুলি বিক্রি করার জন্য আপনার সাধারণ বিক্রেতা লাইসেন্সের প্রয়োজন নেই। আপনার সাধারণ বিক্রেতা লাইসেন্সের প্রয়োজন না থাকলেও আপনাকে অবশ্যই ভেন্ডিং সংক্রান্ত বিধিনিয়ম মানতে হবে।

**আপনার সুবিধার জন্য, নিচের প্রতিটি বিভাগে আইন এবং/অথবা নিয়মের প্রাসঙ্গিক ধারাটি অন্তর্ভুক্ত রয়েছে, তাই আপনি আরও তথ্যের জন্য এটি দেখতে পারেন। নিচের সঙ্কেতটি এই নথিতে ব্যবহৃত আইনি উদ্ধৃতি ও প্রতীকগুলিকে বর্ণনা করে।**

**খাদ্য বিক্রেতা, যেসব বিক্রেতারা কোনো পার্কে বা তার আশেপাশে কাজ করে বা জুতো পালিশ করা ভেন্ডরদের ক্ষেত্রে এই নথিটি প্রযোজ্য নয়।**

| **সঙ্কেত** |
|---|
| **NYC Code:** NYC প্রশাসনিক কোড<br>**RCNY:** নিউ ইয়র্ক শহরের নিয়মাবলী<br>**§:** ধারা<br>**§§:** ধারাসমূহ |

| **লাইসেন্স** | |
|---|---|
| 1 | আপনার অবশ্যই Department of Consumer and Worker Protection (DCWP, formerly Consumer Affairs) এর কাছ থেকে একটি বৈধ General Vendor লাইসেন্স থাকতে হবে।<br>**পরামর্শ:** খাবার বিক্রি করার জন্য Department of Health and Mental Hygiene থেকে লাইসেন্স প্রয়োজন।<br>**পরামর্শ:** কোনও অনুমোদিত স্ট্রিট ফেয়ারে (যেমন, স্ট্রিট ফেয়ার, ব্লক পার্টি বা উৎসবে) পণ্যদ্রব্য বিক্রি করার জন্য Temporary Street Fair Vendor Permit প্রয়োজন। |
| | **NYC Code §20-453** |
| 2 | সাধারণ বিক্রেতাদের অবশ্যই তাদের DCWP লাইসেন্স পরে থাকতে হবে যাতে জনসাধারণ এবং বলবৎকারী কর্মকর্তারা (যেমন, স্যানিটেশন পুলিশ অফিসার, পুলিশ অফিসার) সবসময় এটি দেখতে পান।<br>**পরামর্শ:** নীল এবং হলুদ রঙের বিশেষায়িত লাইসেন্সধারীদের অবশ্যই তাদের সাধারণ বিক্রেতা লাইসেন্স (সাদা) এবং বিশেষায়িত লাইসেন্স উভয়ই পরে থাকতে হবে। |
| | **6 RCNY §2-309** |

sanitation

# সাধারণ বিক্রেতা লাইসেন্সিং আইন:
## বিধিনিয়মগুলি বুঝতে সাহায্য করার জন্য শিক্ষামূলক হাইলাইট ও পরামর্শ

| | |
|---|---|
| **স্থান** | |
| ***সমস্ত বিক্রির জন্য সীমাবদ্ধ এলাকা, কোনও ব্যতিক্রম নেই*** | |
| 3 | আপনি Manhattan-এ নিচের (সীমান্তের রাস্তাগুলি সহ) "ওয়ার্ল্ড ট্রেড সেন্টার জোনে" বিক্রি করতে পারবেন না:<br>• পূর্ব সীমান্ত: ব্রডওয়ের পূর্ব দিক<br>• দক্ষিণ সীমান্ত: ব্রডওয়ের দক্ষিণ দিক<br>• পশ্চিম সীমান্ত: ব্রডওয়ের পশ্চিম দিক<br>• উত্তর সীমান্ত: ব্রডওয়ের উত্তর দিক |
| | **NYC Code §20-465(g)(2)** |
| 4 | আপনি রাস্তার কোণ, সাবওয়ের প্রবেশপথ ও প্রস্থানপথ বা ড্রাইভওয়ের 10 ফুটের মধ্যে বিক্রি করতে পারবেন না। |
| | **NYC Code §20-465(e)** |
| 5 | আপনি বাস শেল্টার, নিউজস্ট্যান্ড, পাবলিক ফোন বা WiFi কিয়স্ক অথবা প্রতিবন্ধীদের প্রবেশের র‍্যাম্পের 5 ফুটের মধ্যে বিক্রি করতে পারবেন না। |
| | **NYC Code §20-465(q)** |
| 6 | আপনি ফুটপাথের ক্যাফে বা স্টুপ লাইন স্ট্যান্ডের 20 ফুটের মধ্যে বিক্রি করতে পারবেন না। |
| | **NYC Code §20-465(q)** |
| 7 | আপনি বিক্রি করতে পারবেন না:<br>• কোনো বাস স্টপ বা ট্যাক্সি স্ট্যান্ডের মধ্যে বা কোনো হাসপাতালের পাশে "নো স্ট্যান্ডিং" জোনের পাশের ফুটপাতে<br>• কোনো মিডিয়ানে, যদি না সেটি পথচারীদের মল বা প্লাজা হয় (পথচারীদের হাঁটার জায়গা থাকে)<br>• কোনো ভেন্টিলেশন গ্রিল, সাবওয়ে গ্রেটিং, সেলার ডোর, ট্রান্সফর্মার ভল্ট বা ম্যানহোলের উপর |
| | **NYC Code §§20-465(e), 20-465(i), 20-465(m)** |
| **স্থান** | |
| ***বিশেষ লাইসেন্স থাকা বিক্রেতা এবং প্রথম সংশোধনীর অধীনে থাকা বিক্রেতাদের জন্য সীমাবদ্ধ এলাকা***<br>*লিখিত সামগ্রী ও শিল্পকর্মের মতো প্রথম সংশোধনীর অধীন জিনিসগুলি বিক্রি করছেন এমন ব্যক্তি সহ সমস্ত বিক্রেতাদের অবশ্যই এই নথিতে থাকা অন্যান্য সমস্ত আবশ্যকতা মেনে চলতে হবে।*<br>*প্রথম সংশোধনীর অধীনে থাকা জিনিসগুলির বর্ণনার জন্য পৃষ্ঠা 1 দেখুন।* | |
| 8 | Manhattan-এ নীচের এলাকায় (সীমান্তের রাস্তাগুলি সহ) বিক্রি করার জন্য আপনার অবশ্যই একটি নীল রঙের বিশেষায়িত লাইসেন্স থাকতে হবে:<br>• পূর্ব সীমান্ত: 2য় অ্যাভিনিউ<br>• দক্ষিণ সীমান্ত: 30তম স্ট্রীট<br>• পশ্চিম সীমান্ত: 9ম অ্যাভিনিউ এবং কলম্বাস অ্যাভিনিউ<br>• দক্ষিণ সীমান্ত: 65তম স্ট্রীট |
| | **NYC Code §20-465(g)(1)** |

# সাধারণ বিক্রেতা লাইসেন্সিং আইন:

## বিধিনিয়মগুলি বুঝতে সাহায্য করার জন্য শিক্ষামূলক হাইলাইট ও পরামর্শ

| | |
|---|---|
| 9 | Flushing, Queens এনীচের এলাকায় (সীমান্তের রাস্তাগুলি সহ) বিক্রি করার জন্য আপনার অবশ্যই একটি নীল বা হলুদ রঙের বিশেষায়িত লাইসেন্স থাকতে হবে:<br>• পূর্ব সীমান্ত: ইউনিয়ন স্ট্রীটের পূর্ব দিক<br>• দক্ষিণ সীমানা: স্যানফোর্ড অ্যাভিনিউয়ের দক্ষিণ দিক<br>• পশ্চিম সীমান্ত: কলেজ পয়েন্ট বুলেভার্ডের পশ্চিম দিক<br>• উত্তর সীমানা: নর্দার্ন বুলেভার্ডের উত্তর দিক |
| | **NYC Code §20-465(g)(4)** |
| **ডিসপ্লে** | |
| 10 | আপনাকে অবশ্যই এই ডিসপ্লে সংক্রান্ত আবশ্যকতাগুলি মেনে চলতে হবে।<br>• আপনার ডিসপ্লে (যেমন, টেবিল, কার্ট, স্ট্যান্ড) 8 ফুট দীর্ঘ, 3 ফুট গভীর এবং 5 ফুট লম্বার বেশি হতে পারবে না।<br>• অনুভূমিক ডিসপ্লে মাটি থেকে কমপক্ষে 2 ফুট উপরে থাকতে হবে।<br>• উল্লম্ব ডিসপ্লে মাটি থেকে কমপক্ষে 1 ফুট উপরে থাকতে হবে।<br>**পরামর্শ:** আপনি বিক্রির জন্য জিনিসগুলি সরাসরি ফুটপাতে বা ফুটপাতের উপরে বিছানো কম্বল, বোর্ড বা কার্ডবোর্ডের টুকরোর উপর রাখতে পারবেন না।<br>**পরামর্শ:** আপনি বিক্রির জন্য জিনিসগুলি রাখতে শুধুমাত্র আপনার ডিসপ্লের ঠিক নীচের স্থানটি ব্যবহার করতে পারেন। |
| | **NYC Code §§20-465(b), 20-465(n)** |
| 11 | আপনাকে পথচারীদের জন্য ফুটপাতে অবশ্যই কমপক্ষে 12 ফুট পরিষ্কার পথ ছেড়ে দিতে হবে।<br>**পরামর্শ:** প্রপার্টি লাইন থেকে ফুটপাথের কোনো বাধা (যেমন, বাইক র‍্যাক, ফায়ার হাইড্র্যা ন্ট, রাস্তার চিহ্ন) পর্যন্ত অথবা কোনো বাধা না থাকলে রাস্তার প্রান্ত পর্যন্ত দূরত্ব মাপা হয়। |
| | **NYC Code §20-465(a)** |
| 12 | আপনার কার্ট বা স্ট্যান্ড অবশ্যই রাস্তার প্রান্তের পাশে রাখতে হবে। |
| | **NYC Code §20-465(a)** |
| 13 | আপনার কার্ট বা স্ট্যান্ড এবং আপনি যে পণ্যসামগ্রী বিক্রি করছেন তা অবশ্যই কোনো বিল্ডিংয়ের প্রবেশ বা প্রস্থান থেকে কমপক্ষে 20 ফুট দূরে রাখতে হবে। |
| | **NYC Code §20-465(d)** |
| 14 | আপনার কার্ট/স্ট্যান্ড, গাড়ি, আপনি যে পণ্যসামগ্রী বিক্রি করছেন এবং আপনার বিক্রয়ের সাথে সম্পর্কিত অন্যান্য জিনিসগুলি কোনও বিল্ডিং বা কাঠামোকে স্পর্শ করতে পারবে না (যেমন, ল্যাম্পপোস্ট, পার্কিং মিটার, ডাকবাক্স, ট্রাফিক সিগন্যাল পোস্ট, ফায়ার হাইড্র্যান্ট, গাছের বক্স, বেঞ্চ, বাস শেল্টার, আবর্জনার বিন, বা ট্রাফিক বেড়া)। |
| | **NYC Code §20-465(c)** |
| **অন্য** | |
| 15 | আপনি পার্ক করা বা ডাবল-পার্ক করা মোটর গাড়ি থেকে বিক্রি করতে পারবেন না। |
| | **NYC Code §20-465(o)** |
| 16 | আপনি বিদ্যুৎ বা বিদ্যুৎ উৎপাদক সরঞ্জাম অথবা তেল বা গ্যাসচালিত সরঞ্জাম, ডিভাইস বা যন্ত্রপাতি ব্যবহার করতে পারবেন না।<br>**পরামর্শ:** আপনি পাওয়ার কর্ডে কোনো সরঞ্জাম ব্যবহার করতে পারবেন না।<br>**পরামর্শ:** তবে আপনি ব্যাটারিচালিত সরঞ্জাম ব্যবহার করতে পারেন। |
| | **NYC Code §20-465(p)** |

sanitation

# সাধারণ বিক্রেতা লাইসেন্সিং আইন:

## বিধিনিয়মগুলি বুঝতে সাহায্য করার জন্য শিক্ষামূলক হাইলাইট ও পরামর্শ

| | |
|---|---|
| 17 | যদি আপনার কার্ট বা স্ট্যান্ড সড়কপথে থাকে (যেমন, পার্কিং স্পেসে), তাহলে আপনাকে অবশ্যই ট্রাফিক এবং পার্কিং সংক্রান্ত সমস্ত আইন মেনে চলতে হবে।<br>**পরামর্শ:** যদি কোনো নিরাপত্তা জোন থাকে তাহলে আপনি সড়কপথে বিক্রি করতে পারবেন না কিংবা ফায়ার হাইড্র্যান্টের 15 ফুটের মধ্যে বিক্রি করতে পারবেন না। |
| | **NYC Code §20-465(f); 6 RCNY §2-304(c)** |
| **বিক্রয় মূল্য প্রদর্শন** | |
| 18 | বিক্রির সমস্ত জিনিসের জন্য, আপনাকে অবশ্যই ট্যাক্স বাদে দাম দেখাতে হবে, নিম্নরূপে:<br>• প্রতিটি জিনিসে একটি স্ট্যাম্প, ট্যাগ, বা লেবেলে। অথবা<br>• জিনিসটি যেখানে প্রদর্শিত আছে সেখানে স্পষ্টভাবে দেখতে পাওয়া যায় এমন একটি চিহ্নে। |
| | **6 RCNY §2-307(b)** |
| **রসিদ** | |
| 19 | গ্রাহকের ক্রয় করা যে কোনো জিনিসের জন্য আপনাকে অবশ্যই একটি ক্রমিক সংখ্যাযুক্ত রসিদ দিতে হবে। ঐ রসিদে অবশ্যই থাকতে হবে:<br>• কেনার তারিখ<br>• প্রদান করা অর্থ এবং ট্যাক্সের মোট পরিমাণ<br>• জিনিসের বর্ণনা<br>• আপনার সাধারণ বিক্রেতা লাইসেন্স নম্বর<br>• DCWP-এর কাছে অভিযোগ করা যেতে পারে তা উল্লেখ করে একটি বিবৃতি, যেটিতে DCWP's-এর ঠিকানা এবং টেলিফোন নম্বর (311) থাকতে হবে<br>**পরামর্শ:** স্যানিটেশন পুলিশ অফিসাররা অনুরোধ করার সঙ্গে সঙ্গে, আপনাকে সেই দিন আগের কোনও বিক্রয়ের রসিদের একটি কপি তাদেরকে অবশ্যই দিতে হবে। |
| | **6 RCNY §2-307** |

আরও তথ্যের জন্য: **দেখুন** nyc.gov/BusinessToolbox | **যোগাযোগ 311** (212) NEW-YORK (NYC এর বাইরে)

*এই নথি শুধুমাত্র তথ্যমূলক উদ্দেশ্যে প্রদান করা হয়েছে, তা স্বয়ংসম্পূর্ণ নয় এবং আইনি পরামর্শ হিসাবে বিবেচনা করা যায় না। নিউ ইয়র্ক সিটির ব্যবসাগুলিকে অবশ্যই ফেডারাল, স্টেট এবং শহরের সমস্ত প্রাসঙ্গিক আইন ও নিয়ম মেনে চলতে হবে। তাদের ব্যবসাকে প্রভাবিত করে এমন বর্তমান বিধিনিয়মগুলি জানা এবং মেনে চলার জন্য ব্যবসাগুলি দায়ী।*